*বিসমিল্লাহির রাহমানির রাহিম*

# টেংগারচর ইউনিয়ন পরিষদ

গজারিয়া, মুন্সিগঞ্জ।

তারিখ: ২০/০৫/২০২২ইং

## মাসিক সভার নোটিশঃ

সভা নং- ২০২১-২০২২/১১।

এতদ্বারা টেংগারচর ইউনিয়ন পরিষদের সকল সদস্য/সদস্যাদের জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত স্থান ও তারিখ ও সময় মোতাবেক নিম্নোক্ত আলোচ্য বিষয়ের উপর আলোচনা করার জন্য মাসিক সভা অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন মোঃ কামরুল হাছান ফরাজী, চেয়ারম্যান, টেংগারচর ইউনিয়ন পরিষদ, গজরিয়া, মুন্সিগঞ্জ।

| | |
|---|---|
| সভার নাম | মাসিক সভা |
| সভাপতি | মোঃ কামরুল হাছান ফরাজী<br>টেংগারচর ইউনিয়ন পরিষদ, গজারিয়া, মন্সিগঞ্জ। |
| সভার স্থানঃ | টেংগারচর ইউনিয়ন পরিষদ সভা কক্ষ। |
| সভার তারিখঃ | ২৮/০৫/২০২২ইং |
| সভার সময়ঃ | সকাল ১১:০০ ঘটিকায় । |

উক্ত কমিটির সকল সদস্য/সদস্যাকে যথা সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ করা হলো।

**সভায় আলোচ্য বিষয় সমুহঃ**

০১। গত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন।

০২। বাজেট আলোচনা ।

০৩। ভূমি হস্তান্তর কর ১%

০৪। বিবিধ আলোচনা।

জনাব ....................................
সদস্য, ..... নং ওয়ার্ড
টেংগারচর ইউনিয়ন পরিষদ,
গজারিয়া, মুন্সিগঞ্জ।

(মুহাম্মদ মিনহাজ উল্লাহ)
সচিব
টেংগারচর ইউনিয়ন পরিষদ
গজারিয়া, মুন্সিগঞ্জ।

*সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ*

০১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, গজারিয়া, মুন্সিগঞ্জ।

০২। চেয়ারম্যান, টেংগারচর ইউনিয়ন পরিষদ, গজারিয়া, মুন্সিগঞ্জ।

০৩। জনাব আওলাদ হোসেন, ইউডিসি উদ্যোক্তা, টেংগারচর ইউপি, গজারিয়া, মুন্সিগঞ্জ। (নোটিশটি ইউনিয়ন ওয়েব পোর্টালে আপলোড করার জন্য)।

** সংরক্ষনঃ অফিস কপি।*

# ...ংগারচর ইউনিয়ন পরিষদ মাসিক সভার রেজুলেশন

মাসের নামঃ

তারিখঃ ২৮/০৫/২০২২ ইং

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | কামরুল হাছান ফরাজী | চেয়ারম্যান | [signature] | |
| ২ | রুমি বেগম | ইউপি সদস্যা | Rumi. | |
| ৩ | আয়েশা বেগম | ইউপি সদস্যা | [signature] | |
| ৪ | স্বপ্না আক্তার | ইউপি সদস্যা | Shop | |
| ৫ | কুদ্দুস আলী | ইউপি সদস্য | কুদ্দুস আলী | |
| ৬ | পনির মিয়া | ইউপি সদস্য | মো: পনির মিয়া | |
| ৭ | সফিকুল ইসলাম আরমান | ইউপি সদস্য | [signature] | |
| ৮ | মোঃ আলামিন | ইউপি সদস্য | [signature] | |
| ৯ | মোঃ জসিমউদ্দিন | ইউপি সদস্য | জসিম | |
| ১০ | মুসাদ্দেক হোসেন সরকার | ইউপি সদস্য | [signature] | |
| ১১ | মোঃ নাছিম মিয়া | ইউপি সদস্য | [signature] | |
| ১২ | মোকাদ্দেস হক | ইউপি সদস্য | [signature] | |
| ১৩ | সাবুজ মিয়া | ইউপি সদস্য | [signature] | |

# টেংগারচর ইউনিয়ন পরিষদ

গজারিয়া, মুন্সিগঞ্জ।

টেংগারচর ইউনিয়ন পরিষদের মে ২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরনী।

সভাপতিঃ জনাব কামরুল হাছান ফরাজী , চেয়ারম্যান , টেংগারচর ইউনিয়ন পরিষদ, গজারিয়া, মুন্সিগঞ্জ।

সভার তারিখ ও সময়ঃ ২৮ মে ২০২২ খ্রিষ্টাব্দ বিকাল ৪.০০ ঘটিকা

সভাপতি সাহেব সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভার আলোচ্যসূচি ও কার্যপত্র অনুযায়ী বিষয়ভিত্তিক বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | আলোচ্যসূচি-০১ঃ গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।<br>চেয়ারম্যান সাহেব এপ্রিল ২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন । কোন সংশোধনী না থাকলে তিনি সভাকে কার্যবিবরনী অনুমোদনের জন্য অনুরোধ করেন। | ইউনিয়ন পরিষদের এপ্রিল ২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরনীতে কোন সংশোধণী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | |
| ০২ | আলোচ্যসূচি-০২ঃ ইউনিয়ন পরিষদের বাজেট সংক্রান্ত আলোচনা। চেয়ারম্যান সাহেব উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন যে , আজ সকাল ১০ঘটিকার সময় ইউনিয়নের সর্বস্তরের জনগণের উপস্থিতিতে ইউনিয়ন পরিষদের ১১৯৩৪৪৫ টাকার রাজস্ব বাজেট এবং ১১৭০৪৬৮৬ টাকার উন্নয়ন বাজেট ইউপি সচিব সাহেব উপস্থিত সকলের সম্মুখে পেশ করেন। এ ব্যাপারে আপনাদের কোন মতামত থাকলে আপনারা পেশ করুন। ক) ০৬ নং ওয়ার্ডের ইউপি সদস্য জনাকব মুসাদ্দেক হোসেন সরকার সাহেব বলেন যে , সচিব সাহেব যে বাজেট পেশ করেছেন নিঃসন্দেহে সেটি অত্যন্ত সুন্দর এবং বর্তমান সময়ের সাথে তা সামঞ্জস্যপূর্ণ। বাজেট কী জিনিস আমরা তা জানতাম না। কিন্তু সচিব সাহেব যেভাবে বাজেট ব্যাখ্যা সহকারে অত্যন্ত সুন্দরভাবে সাবলীল ভাষায় পেশ করেছেন এটা খুবই সুন্দর হয়েছে।<br>খ) ০৪ নং ওয়ার্ডের ইউপি সদস্য জনাব আলআমিন সাহেব বলেন যে, আসলে আমরা আগে জানতাম শুধু আমাদের দেশে সংসদে পুরো দেশের জন্য একটি বাজেট পেশ করা হয়। আর সে বাজেটের উপরে আমাদের দেশের সকল কার্যক্রম পরিচালনা করা হয়। কিন্তু ইউপি সদস্য নির্বাচিত হয়ে আমি জানতে পারলাম যে প্রত্যেকটি প্রতিষ্ঠানের জন্য আলাদা একটি বাজেট তৈরী করা হয় ঠিক যেমন আমাদের ইউনিয়ন পরিষদের | সভায় উপস্থিত সদস্যবৃন্দ সকলের সর্বসম্মতিক্রমে এ বাজেট উপজেলায় অনুমোদনের জন্য প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | |

| | | | |
|---|---|---|---|
| | বাজেট। আমাদের সচিব সাহেব যে বাজেট পেশ করেছেন নিঃসন্দেহে এটি যুগোপযুগী এবং এ বাজেট উপজেলায় অনুমোদনের জন্য পেশ করা যেতে পারে। গ) ১,২,৩ নং ওয়ার্ডের ইউপি সদস্যা জনাব রুমি বেগম জানান যে, আমাদের যে বাজেট পেশ করা হয়েছে যদি সে অনুযায়ী আমরা কাজ করতে পারি নিঃসন্দেহে আমাদের ইউনিয়ন পরিষদ মুন্সিগঞ্জে একটি শ্রেষ্ঠ ইউনিয়ন হিসেবে প্রতিষ্ঠিত হবে বলে আমি মনে করি।<br><br>ইউপি চেয়ারম্যান সাহেব উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন যে, আমরা নির্বাচিত হওয়ার পর এটা আমাদের প্রথম বাজেট সভা। আসলে আমি নিজেও চিন্তিত ছিলাম যে কিভাবে বাজেট প্রস্তুত করা যায় কিন্তু সচিব সাহেব আমার চিন্তাটা একটু কমিয়ে দিয়েছে। সচিব সাহেব তাহার অভিজ্ঞতার আলোকে যে বাজেট তৈরী করেছেন তাতে আমি নিজেও অত্যন্ত খুশি হয়েছি । এখন আপনার সকলে সম্মতি দিলে এ বাজেট আমি উপজেলায় অনুমোদনের জন্য পেশ করব। | | |
| ৩ | উন্নয়ন প্রকল্পঃ সভাপতি সাহেব সভায় উপস্থিত সকলে উদ্দেশ্যে বলেন যে ২০২১-২২ অর্থবছরের টি. আর ২য় পর্যায়ে ২,০০,০০০/- এবং ৩য় পর্যায়ে ৫০,০০০/- এবং কাবিখা ২য় পর্যায়ে ৩.৫ মেট্রিক টন চাল বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ দ্বারা প্রকল্প গ্রহন করা প্রয়োজন । সভাপতি সাহেবের কথার প্রেক্ষিতে সকলের সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১)বৈদ্যার গাঁও হযরত আলীর বাড়ী হইতে ব্রীজ পর্যন্ত রাস্তা মেরামত।<br>১,০০,০০০/-<br>২) মধ্য ভাটের বাজার মসজিদ সংলগ্ন গর্ত ভরাট। ১,০০,০০০/-<br>৩)মিরপুর আশ্রয়ন প্রকল্পের খেলার মাঠ ভরা<br>৫০,০০০/-<br>৪) টেংগারচর ফকির বাড়ীর মোড় হতে খাল পর্যন্ত রাস্তা মেরামত। ৩.৫ মেট্রিক টন।<br>উপরোক্ত প্রকল্পগুলো বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার মুলতবী ঘোষণা করেন।

কামরুল হাছান ফরাজী

চেয়ারম্যান

০৩ নং টেংগারচর ইউনিয়ন পরিষদ

গজারিয়া, মুন্সিগঞ্জ।